

তিনদিন ধরে অবরুদ্ধ জাবির ভারপ্রাপ্ত ভিসি প্রো-ভিসি রেজিস্ট্রার

■ জাবি স্ববন্দনাতা

সহসাই কাটছে না আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সংকট।

**সহসাই
কাটছে না
সংকট**

উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনের পদত্যাগের দাবিতে শিক্ষকদের সর্বাধিক ধর্মঘটসহ প্রশাসনিক ভবনে অবস্থান কর্মসূচি এবং এমফিল, পিএইচডিমুক্ত ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে সাধারণ শিক্ষার্থীদের বিকোভ অব্যাহত রয়েছে। প্রশাসনিক ভবনের সামনে শিক্ষকদের

অবস্থানের কারণে তিনদিন ধরে অবরুদ্ধ হয়ে আছেন ভারপ্রাপ্ত ভিসি, প্রো-ভিসি এবং রেজিস্ট্রার।

রাষ্ট্রপতির নির্দেশ অমান্য করার অভিযোগ এনে অধ্যাপক আনোয়ার হোসেনের পদত্যাগ দাবিতে গত বুধবার থেকে প্রশাসনিক ভবনে আন্দোলনরত শিক্ষকদের অবস্থান অব্যাহত থাকায় তৃতীয় দিনের মতো অবরুদ্ধ রয়েছেন ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক এম এ মতিন, উপ-উপাচার্য অধ্যাপক আফসার আহমদ এবং রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। এদিকে এমফিল, পিএইচডিমুক্ত কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে গতকাল ওক্রেবার বিকেল সাড়ে ৪টায় দুই পড়াধিক শিক্ষার্থীর অংশগ্রহণে 'অনিয়মের বিরুদ্ধে আমরা শিক্ষার্থীবৃন্দ'র ব্যানারে বিকোভ মিছিল করেছে সাধারণ শিক্ষার্থীরা। এর আগে বুধ-পতিবার এমফিল, পিএইচডিমুক্ত জাকসুর দাবিতে প্রধান নির্বাচন কমিশনারকে সময় বেঁধে দেয় এ সংগঠনটি।

এদিকে সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন বাতিল এবং উপাচার্য প্যানেল নির্বাচনের দাবিতে যোমবাতি প্রজ্জ্বালন কর্মসূচি পালন করেছেন আন্দোলনরত শিক্ষকরা। গতকাল ওক্রেবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে প্রশাসনিক ভবনে শিক্ষক শিক্ষার্থী কর্মকর্তা কর্মচারী ঐক্য ফোরাম ব্যানারে এ কর্মসূচি পালন করেন আন্দোলনকারী শিক্ষকরা।

শিক্ষক শিক্ষার্থী কর্মকর্তা কর্মচারী ঐক্য ফোরামের প্রধান সমন্বয়ক অধ্যাপক অজিত কুমার মজুমদার বলেন, 'রাষ্ট্রপতি ১১(১) ধারা অনুযায়ী সিনেটের মাধ্যমে উপাচার্য প্যানেল নির্বাচন দেওয়ার কথা থাকলেও উপাচার্য অধ্যাপক আনোয়ার সে নির্দেশ অমান্য করেছেন।'